

💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ সিয়ামের নিয়ত : সময় ও পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

কেউ কেউ নিয়ত করার বদলে নিয়ত পড়েন এবং আরবীতে نُوَيْتُ أَنْ أَصُوْمَ غَدًا "নাওয়াইতু আন" বলে আরবীতে নিয়ত শুরু করেন এমন করলে কি সওয়াব বেশি হবে?

নিয়ত কখনই পড়তে বলা হয় নি। করতে বলা হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কিরাম এবং চার মাযহাবের ইমামগণ কেউই মুখে মুখে নিয়ত পড়েননি। কাজেই যারা নিয়ত পড়েন, মুখে মুখে বলেন এটা শুদ্ধ নয়। আর সওয়াব বেশি হওয়ারতো প্রশ্নই আসে না। করতে নির্দেশ দিয়েছেন পড়তে নয়। কাজেই মুখে মুখে আরবীতে নিয়ত পড়লে এজন্য কোন সওয়াব হবে না।

বিজ্ঞ উলামায়ে কিরাম বরং এটাকে বিদ্আত বলেছেন। বিশুদ্ধ পদ্ধতি হল মনে মনে কল্পনা করে নিয়ত করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2454

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন